# চলতি বছর থেকে ফের এমপি ল্যাডের টাকা পাবেন সাংসদরা



**নয়াদিল্লি, ১০ নভেম্বর:** চলতি অর্থবর্ষ থেকেই ফের চালু হচ্ছে সাংসদদের নিজস্ব এলাকা উন্নয়ন তহবিল বা এমপি-ল্যাড। বুধবার কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠক শেষে অনুরাগ ঠাকুর জানিয়েছেন, চলতি বছরে আংশিকভাবে এবং আগামী বছর থেকে ফের পূর্ণাঙ্গভাবে সাংসদদের নিজস্ব এলাকা উন্নয়নের টাকা দেওয়া হবে।

অনুরাগ ঠাকুর জানিয়েছেন, চলতি অর্থবর্ষ অর্থাৎ ২০২১-২২ অর্থবর্ষ থেকেই এমপি-ল্যাডের টাকা পাবেন লোকসভা এবং রাজ্যসভার সাংসদরা। চলতি বছরে অবশিষ্ট অংশের জন্য এক কিস্তিতে ২ কোটি টাকা করে সব সাংসদকে দেওয়া হবে। আগামী বছর থেকেই ফের আগের মতো নিজস্ব এলাকার উন্নয়ন খাতে ৫ কোটি টাকা করে পাবেন সাংসদরা। এই টাকা দেওয়া হবে দুই কিস্তিতে আড়াই কোটি টাকা করে। আগামী ২০২৫-২৬ অর্থবর্ষ পর্যন্ত এই হারেই সাংসদ তহবিলের টাকা পাবেন সাংসদরা। উল্লেখ্য, করোনা মহামারির আঘাতে ভেঙে পড়া অর্থনীতিকে দাঁড় করাতে ২০২০ সালের এপ্রিল মাসে এমপি-ল্যাড তথা সাংসদদের নিজস্ব এলাকা উন্নয়ন খাতের টাকা দেওয়া ২ বছরের জন্য বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেয় কেন্দ্র। সেই টাকা পাঠানো হয় সংসদের স্থায়ী তহবিলে। সেসময় এমপি-ল্যাড বাতিল করার এই সিদ্ধান্ত নিয়ে রীতিমতো তুলকালাম শুরু হয়ে যায়। একযোগে সিদ্ধান্তের বিরোধিতা শুরু করেন সাংসদরা। তাঁদের বক্তব্য ছিল, এমপি-ল্যাডের টাকা এলাকার মানুষের নৈতিক অধিকার। এভাবে সাধারণ মানুষকে অধিকার থেকে বঞ্চিত করা যায় না। এই সিদ্ধান্ত অগণতান্ত্রিক। করোনা মহামুর আবহে এমপি ল্যাডের টাকার প্রয়োজন বেশি ছিল। প্রসঙ্গত, সাংসদরা নিজেদের এলাকার উন্নয়নের জন্য প্রতি বছর ৫ কোটি টাকা করে পান। অর্থাৎ ২ বছরে সাংসদপিছু মোট ১০ কোটি টাকা করে গিয়েছে সরকারি তহবিলে। এই সিদ্ধান্তের ফলে সরকারের ৭৯০ কোটি টাকা সাশ্রয় হয়েছে। করোনার ধাক্কা কাটিয়ে অর্থনীতি ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত দিতেই ফের সাংসদদের এলাকা উন্নয়নের টাকা দেওয়া চালু করার সিদ্ধান্ত নিল কেন্দ্র।

# সিঙ্ঘু সীমান্তে ফের উদ্ধার কৃষকের ঝুলন্ত দেহ!

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর:** ফের দিল্লির নিকটবর্তী সিঙ্ঘু সীমান্তে উদ্ধার হল এক কৃষকের ঝুলন্ত দেহ। পঞ্জাবের ফতেগড় সাহেবের আমরোহ জেলার বাসিন্দা গুরপ্রীত সিং নামে ওই কৃষকের রহস্যমৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মাসখানেকের মধ্যে এই নিয়ে কৃষকদের বিক্ষোভের স্থানে দ্বিতীয় কোনও কৃষকের রহস্যমৃত্যুর ঘটনা ঘটল।

জানা গিয়েছে, সিধুপুরের ভারতীয় কিষান ইউনিয়নের জগজিৎ সিং দাল্লেওয়াল গোষ্ঠীর সদস্য গুরপ্রীত ছিলেন কৃষক বিক্ষোভে অংশগ্রহণ করেছিলেন। তাঁর দেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। ইতিমধ্যেই তদন্ত শুরু করেছে পুলিশ। এখনও পর্যন্ত মৃত্যুর কারণ সম্পর্কে কিছুই জানা যায়নি বলে জানা যাচ্ছে। এর আগে গত অক্টোবরে কৃষক আন্দোলনের মূল মঞ্চের কাছ থেকে উদ্ধার হয়েছিল এক কৃষকের হাত-পা কাটা দেহ। সেই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছিল রাজনৈতিক চাপানউতোর। ওই সংঘর্ষের একটি ভিডিও ভাইরাল হয়ে। সেই ভিডিওয় দেখা গিয়েছিল, শিখদের নিহং সম্প্রদায়ের বেশ কয়েকজন ওই ব্যক্তিকে মারধর করছে। কেটে নেওয়া হয় সেই ব্যক্তির হাতের কবজিও। যন্ত্রণায় ছটফট করছেন রক্তস্নাত ওই যুবক। ভিডিওটিকে ঘিরে উত্তেজনা চরমে পৌঁছয়। এই ঘটনাকে কেন্দ্র করে তুঙ্গে পৌঁছেছিল রাজনৈতিক চাপানউতোর। টুইটে রাকেশ টিকায়েতকে একহাত নেন অমিত মালব্য।

# পুরভোটের আগেই ফের ত্রিপুরায় যাচ্ছেন অভিষেক



**আগরতলা, ১০ নভেম্বর:** পুরভোটের আগে অমিত শাহ-অভিষেক বন্দ্যোপাধ্যায়ের দ্বৈরথের সাক্ষী থাকতে চলেছে ত্রিপুরা। দলীয় সূত্রে খবর, পুরভোটের প্রচারের শেষলগ্নে আগরতলায় সভা করতে পারেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। এদিকে আবার ওই সময়ই সেরাজ্যে হাজির থাকতে পারেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-ও। যদিও রাজনৈতিক নয়, সরকারি কর্মসূচি নিয়ে ত্রিপুরা যাচ্ছেন তিনি। সবমিলিয়ে পুরভোটের প্রাক্কালে জমজমাট রাজনৈতিক লড়াইয়ের সাক্ষী থাকতে পারে ত্রিপুরা।

গত ৩১ অক্টোবরই আগরতলায় জনসভা করেছেন অভিষেক। সেদিনই প্রকাশ্যে দাবি করেছিলেন, পুরভোটের আগে ফের ত্রিপুরা যাবেন তিনি। শেষ রক্তবিন্দু দিয়ে লড়বেন বিজেপির বিরুদ্ধে। আগামী ২৫ নভেম্বর ত্রিপুরার পুরভোট। প্রচার শেষ হচ্ছে ২৩ নভেম্বর। তৃণমূল সূত্রের খবর, নিজের পূর্ব ঘোষণামতোই পুরভোটের প্রচারের একেবারে শেষ মুহূর্তে আগরতলায় যাবেন অভিষেক। শোনা যাচ্ছে, আগামী ২২ নভেম্বর আগরতলা পৌঁছবেন অভিষেক। আগরতলা শহরে একাধিক কর্মসূচি রয়েছে তাঁর।

চমকপ্রদভাবে ওই একইসময়ে বিজেপির ভোট সেনাপতি তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও থাকতে পারেন। অমিত শাহ ত্রিপুরা পৌঁছবেন ২১ নভেম্বর। পরের দিন অর্থাৎ ২২ নভেম্বরও তিনি বেশ কিছু কাজ নিয়ে রাজধানী আগরতলায় থাকবেন। তবে, অমিত শাহর এই সফর অরাজনৈতিক। সরকারি কাজ নিয়েই তিনি ত্রিপুরা যাচ্ছেন। যার ফলে ২২ নভেম্বর ত্রিপুরায় ফের অভিষেক-অমিত দ্বৈরথের একটা সম্ভাবনা তৈরি হয়েছিল। একুশের বিধানসভা ভোটে এই ধরনের বহু দ্বৈরথ দেখেছে বাংলা। এবারও সাক্ষী থাকতে চলেছে বাংলা। ত্রিপুরার পাশাপাশি খুব শিগগিরই গোয়াতেও পা রাখতে চলেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। তৃণমূল সূত্রের খবর, সব ঠিক থাকলে চলতি মাসের শেষদিকেই গোয়া সফরে যেতে পারেন অভিষেক। ইতিমধ্যেই গোয়ার মাটিতে রাজনৈতিক জমি তৈরির কাজ শুরু করেছে তৃণমূল।

# কেন্দ্রের 'জনজাতীয় গৌরব দিবস'

**নয়াদিল্লি, ১০ নভেম্বর:** কিছু দিন আগেই 'মন কি বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, অক্ষরে অক্ষরে তেমনটাই হল। এবার থেকে ১৫ নভেম্বর বিরসা মুন্ডার জন্মদিবসটিকে 'জনজাতীয় গৌরব দিবস' হিসেবে পালন করা হবে দেশে। এই বিষয়ে এদিনই সরকারি ভাবে সিলমোহর দিল কেন্দ্রীয় মন্ত্রনালয়। আগামী বছরের শুরুতেই বিধানসভা নির্বাচন রয়েছে উত্তরপ্রদেশে। যেখানে ক্ষমতা দখলে দলিত ভোটের কার্যকর ভূমিকা থাকবে বলেই মনে করছেন বিশেষজ্ঞরা। সেই কথা ভাল করেই জানা রয়েছে কেন্দ্রের বিজেপি সরকারের। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, ঐতিহাসিক আদিবাসী বিপ্লবী তথা সমাজ সংস্কারক বিরসা মুন্ডাকে উত্তরপ্রদেশের ভোটের আগেভাগে বিশেষ ভাবে সম্মানিত করার বিষয়টি মোটেই কাকতালীয় নয়। এর মধ্যে সূক্ষ্ম রাজনৈতিক অঙ্ক থাকাটাই স্বাভাবিক।


## HINDUSTAN MOTORS LIMITED

CIN-L34103WB1942PLC018967

Regd. Office "Birla Building", 13th Floor, 9/1, R. N. Mukherjee Road, Kolkata-700001

Email-hmcosecy@hindmotor.com;Website-www.hindmotor.com;

T +91 033 22420932; F +91 033 22480055

Extract of Financial Results for the Quarter and half year ended 30th September, 2021 (Rs. In Lakhs)

| Particular | Quarter ended 30-09-2021 (Unaudited) | Half Year ended 30-09-2021 (Unaudited) | Quarter ended 30-09-2020 (Unaudited) |
|---|---|---|---|
| Total income from operations/Other Income | 96 | 263 | 361 |
| Net Profit/(Loss) for the period (before tax and exceptional Items*) | (189) | (167) | 237 |
| Net Profit/(Loss) for the period before tax (after exceptional items*) | 1,114 | 1,136 | 237 |
| Net Profit/(Loss) for the period after tax (after exceptional Items*) | 1,014 | 1,019 | 180 |
| Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 1,007 | 1,011 | 182 |
| Equity Share Capital (Excluding amount in respect of forfeited shares) | 10433 | 10433 | 10433 |
| Earnings Per Share (face value of Rs. 5/- per share) | | | |
| Basic & Diluted: | 0.48 | 0.49 | 0.09 |

*The Company does not have any Extraordinary items to report for the above periods

1. The Above results were reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meetings held on 10th November, 2021.
2. The above is an extract of the detailed format of Financial Results for the Quarter and half year ended September 30, 2021, filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Financial Results for the Quarter and half year ended September 30, 2021 is available on the websites of BSE and NSE at www.bseindia.com and www.nseindia.com respectively and on Company's website at www.hindmotor.com

For Hindustan Motors Limited

(Uttam Bose)

Director

Date: 10th November, 2021

Place: Kolkata


## আমার দুনিয়া

# তালিবানি আতঙ্কে দেশ ছাড়ছেন আফগানরা
# ইরানেই দৈনিক অনুপ্রবেশ ৫ হাজার শরণার্থীর



**তেহরান, ১০ নভেম্বর:** গত অগস্টে তালিবান আফগানিস্তান দখল করার পর সেখানে ফিরে এসেছে অন্ধকার যুগ। তারপর থেকেই দেশ ছাড়ার হিড়িক পড়ে যায় আফগানদের মধ্যে। জেহাদিদের রক্তচক্ষু এড়াতে যেনতেন প্রকারেণ সীমান্ত ছাড়তে মরিয়া সেদেশের নাগরিকরা। বুধবার 'নরউইজিয়ান রিফিউজি কাউন্সিল' তথা এনআরসি এমন এক তথ্য দিয়েছে তা রীতিমতো চোখ কপালে তোলার মতো। ওই সংগঠনের দাবি, প্রতিদিন অন্তত ৪ থেকে ৫ হাজার আফগান কাঁটাতার পেরিয়ে ইরানে অনুপ্রবেশ করছেন। এযাবৎ কেবল ইরানেই আশ্রয় নিয়েছে অন্তত ৩ লক্ষ আফগান! সামনেই শীত। আর এই সময়ে আরও বেশি সংখ্যক আফগান ইরানে অনুপ্রবেশ করতে পারে বলেই মনে করা হচ্ছে। এই পরিস্থিতিতে ইরানের উপরে যে চাপ তৈরি হয়েছে, তার উল্লেখ করে 'নরউইজিয়ান রিফিউজি কাউন্সিল' জানিয়েছে, এই পরিস্থিতিতে আন্তর্জাতিক সাহায্য একান্ত প্রয়োজন। অন্যথায় সেদেশের অর্থনৈতিক পরিকাঠামো ভাঙনের মুখে পড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। কাউন্সিলের সাধারণ সচিব জান ইগেল্যান্ড জানিয়েছেন, এই সামান্য ক্ষমতায় ইরানের পক্ষে খুব বেশি আফগানকে আর আশ্রয় দেওয়া কঠিন। অবিলম্বে, ভয়ংকর রুক্ষ শীতকাল শুরু হওয়ার আগেই আফগানিস্তান ও ইরানের মতো প্রতিবেশী দেশগুলিকে সাহায্য করা তাই একান্ত জরুরি।


**Tender**

Reputed Construction Agencies are hereby invited to collect tender documents for the construction job in respect plot no- DA-44, Premises No. 05-0274, Action Area -1, Street No. 274, measuring about 400 Sq.m area in Newtown of WONDERS CO-OPERATIVE HOUSING SOCIETY LIMITED. Tender documents will be available from **12.11.2021** to **15.11.2021** requesting by mail (**prasantanag2@gmail.com, roy90367@gmail.com**) in soft copy format. The bid to be submitted between **16.11.2021 to 22.11.2021**, **time 10.00am to 5.00pm** as hard copy. The selection process is the discretionary part of the society.

**Sd/- Chairman**

**Wonders Co-operative Housing Society Ltd.**



**Birendranath Sasmal Teachers' Training and Sanskrit College**

Campus Address:Address: Ward no. VIII. Contai Municipality, P.O.& P.S.- Contai. Dist.- Purba Medinipur. Pin- 721401.

**Walk-in-interview**

Urgently requires faculty & non-faculty positions for proposed Sanskrit College, for the post of Principal, Asst. Professor, Administrative & professional staffs. Qualification as per UGC norms.

Date: 14.11.2021. Time: 11am.


# পাকিস্তানি নেভির হাতে অত্যাধুনিক যুদ্ধজাহাজ তুলে দিল বেজিং

**বেজিং, ১০ নভেম্বর:** লাদাখ ও অরুণাচল প্রদেশে চোখ রাঙাচ্ছে চিন। কাশ্মীরকে রক্তাক্ত করছে পাকিস্তানি জঙ্গিরা। ফলে দু'টি ফ্রন্টে একসঙ্গে লড়াইয়ের সম্ভাবনা রয়েছে বলেই মনে করছেন প্রতিরক্ষা বিশ্লেষকরা। এহেন পরিস্থিতিতে ভারতের উপরে চাপ বাড়িয়ে পাকিস্তানে অত্যাধুনিক রণতরী দিয়েছে চিন বলে খবর। সংবাদ সংস্থা সূত্রে খবর, পাকিস্তান নেভির হাতে টাইপ ০৫৪এপি ফ্রিগেট তথা যুদ্ধজাহাজ তুলে দিয়েছে বেজিং। চিনা সরকারি সংবাদমাধ্যম 'গ্লোবাল টাইমস' সূত্রে খবর, সাংহাইয়ে একটি অনুষ্ঠানে বিশেষভাবে তৈরি অত্যাধুনিক যুদ্ধজাহাজটি পাকিস্তানি নৌসেনার হতে আনুষ্ঠানিকভাবে তুলে দেওয়া হয়। বলে রাখা ভাল, টাইপ ০৫৪ এপি ফ্রিগেট তৈরি করেছে সরকার নিয়ন্ত্রিত 'চায়না স্টেট শিপ বিল্ডিং কার্পোরেশন লিমিটেড। সোমবার গ্লোবাল টাইমসকে পাঠানো এক বিবৃতিতে পাক নৌসেনা জানিয়েছে নতুন জাহাজটির নাম রাখা হয়েছে 'পিএনএস তুঘরিল'। বিশেষজ্ঞদের মতে, জাহাজটিতে জমি থেকে জমিতে, অকাশ থেকে আকাশে হামলা চালানোর জন্য বেশ কয়েক রকমের মিসাইল রয়েছে। সাবমেরিন খুঁজে ধ্বংস করতেও সক্ষম এটি। ভারতকে কৌশলে চাপে রাখতে পাকিস্তানকে চলতি বছর অত্যাধুনিক ক্ষমতাসম্পন্ন চারটি যুদ্ধজাহাজ দিতে চলেছে চিন। ইসলামাবাদের সঙ্গে কৌশলগত সম্পর্ক আরও মজবুত করছে বেজিং। তারই অংশ হিসেবে যুদ্ধজাহাজটি ইসলামাবাদের হাতে তুলে দেওয়া হয়েছে। এখনও পর্যন্ত যতগুলি যুদ্ধজাহাজ বিদেশি সেনাকে বিক্রি করা হয়েছে, তার মধ্যে সবচেয়ে বড় কমব্যাট শিপ হল এটি।

# এবার সিঙ্গাপুরের চিড়িয়াখানার ৪ টি সিংহ করোনা আক্রান্ত

**সিঙ্গাপুর, ১০ নভেম্বর:** করোনা মহামারির আগমনের পর থেকে দেশে বিদেশে অনেক মানুষই এই রোগে আক্রান্ত হয়েছেন। করোনার আগমন নতুন করে আমাদের বাঁচতে শিখিয়েছে। কিন্তু করোনা যে শুধুমাত্র মানুষেরই হয় এমন ভাবলে ভুল হবে। সম্প্রতি প্রকাশিত রিপোর্টে জানা গিয়েছে সিঙ্গাপুরের চিড়িয়াখানায় ৪ জন সিংহের করোনা আক্রান্ত হওয়ার খবর পাওয়া গিয়েছে। জানা গিয়েছে করোনা আক্রান্ত চিড়িয়াখানার কর্মীদের সংস্পর্শে এসেই আক্রান্ত হয়েছে ওই চার সিংহ। চিড়িয়াখানার অপারেটর তথা মান্দাই ওয়াইল্ডলাইফ গ্রুপের সংরক্ষণ, গবেষণা ও পশুচিকিৎসা বিভাগের ভাইস প্রেসিডেন্ট ডাঃ সোনজা লুজ জানিয়েছেন করোনা আক্রান্ত চার সিংহ আপতত সুস্থ রয়েছে এবং তাঁরা ঠিক মতো খাওয়া দাওয়াও করছে। সিঙ্গাপুরে নতুন করে ৩ হাজার ৩৯৭ টি নতুন করোনা সংক্রমণের খবর পাওয়া গিয়েছে। এরমধ্যে ১৬৯ জন পরিযায়ী শ্রমিক রয়েছেন। এখনও অবধি এই দেশে মোট করোনা আক্রান্তের সংখ্যা ২ লক্ষ ২৪ হাজার ২০০ জন। করোনা আক্রান্ত হয়ে ১২ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে।


## নর্দার্ন প্রোজেক্টস লিমিটেড

CIN: L45400WB1983PLC035987

রেজিস্টার্ড অফিস: ট্রিনিটি প্লাজা, ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড (দঃ), কলকাতা-৭০০০৪৬

ইমেল: northernproj@northernproj.co.in ফোন নং : ৪০৫৫-৬৮০০

৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত তিন মাস ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (লাখ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | অর্ধ বর্ষ সমাপ্ত | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|---|---|
| | ৩০.০৯.২০২১ | ৩০.০৬.২০২১ | ৩০.০৯.২০২০ | ৩০.০৯.২০২১ | ৩০.০৯.২০২০ | ৩১.০৩.২০২০ |
| | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| কার্যাদি থেকে মোট আয় | - | - | - | - | ০.১৮ | ০.১৯ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব | (৯.৪৩) | (৫.১২) | (৫.৬৭) | (১৪.৫৫) | (১৭.০১) | (৩১.৫৫) |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | (৯.৪৩) | (৫.১২) | (৫.৬৭) | (১৪.৫৫) | (১৭.০১) | (৩১.৫৫) |
| নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | (৯.৪৩) | (৫.১২) | (৫.৬৭) | (১৪.৫৫) | (১৭.০১) | (৩১.৫৫) |
| বর্তমান সময়ের মোট আয় (এই সময়ের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য আয় (কর পরবর্তী)) | (৯.৪৩) | (৫.১২) | (৫.৬৭) | (১৪.৫৫) | (১৭.০১) | (৩১.৫৫) |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ২২০.৫০ | ২২০.৫০ | ২২০.৫০ | ২২০.৫০ | ২২০.৫০ | |
| অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | ১,৪২৮.৯৭ |
| মৌলিক ও মিশ্রিত শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) | (০.৪৩) | (০.২৩) | (০.২৬) | (০.৬৬) | (০.৭৭) | (১.৪৩) |

দ্রষ্টব্য সেবি (এলওডিআর)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে সংভার বিনিময় কেন্দ্রে ফাইল করা আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সংভার বিনিময় কেন্দ্রের ওয়েবসাইট সমূহ (www.bseindia.com এবং www.cse-india.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.northernproj.co.in) -এ ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে।

পরিচালন পর্ষদের পক্ষে

স্বা/-

প্রেমলতা আগরওয়াল

এক্সিকিউটিভ ডিরেক্টর

স্থান: কলকাতা

তারিখ: ১০ নভেম্বর, ২০২১



## আশুতোষ এন্টারপ্রাইজেস লিমিটেড

CIN: L51109WB1981PLC034037

রেজিস্টার্ড অফিস : ট্রিনিটি প্লাজা, ৪র্থ তল, ৮৪/১এ, তপসিয়া রোড (দঃ), কলকাতা-৭০০০৪৬

ইমেল: asutosh@asutosh.co.in ফোন নং : ৪০৫৫-৬৮০০

৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত তিন মাস ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (লাখ টাকায়)

| বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | অর্ধ বর্ষ সমাপ্ত | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|---|---|
| | ৩০.০৯.২০২১ | ৩০.০৬.২০২১ | ৩০.০৯.২০২০ | ৩০.০৯.২০২১ | ৩০.০৯.২০২০ | ৩১.০৩.২০২০ |
| | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| কার্যাদি থেকে মোট আয় | - | - | ৬৭.৩১ | - | ১১৮.০৪ | ১৯২.৪৯ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা পূর্ব | ১৮৯.১৯ | (৪.১৫) | ১৪৬.২৩ | ১৮৫.০৪ | ১৪৯.৩৯ | ১৫৪.১৮ |
| নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য কর পূর্ব (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | ১৮৯.১৯ | (৪.১৫) | ১৪৬.২৩ | ১৮৫.০৪ | ১৪৯.৩৯ | ১৫৪.১৮ |
| নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী (ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফা কর পরবর্তী) | ১৮৯.১৯ | (৪.১৫) | ১৪৫.৫৮ | ১৮৫.০৪ | ১৪৭.৮৯ | ১৫২.৪৩ |
| বর্তমান সময়ের মোট আয় (এই সময়ের (কর পরবর্তী) লাভ/(ক্ষতি) এবং অন্যান্য আয় (কর পরবর্তী)) | ১৮৯.১৯ | (৪.১৫) | ১৪৫.৫৮ | ১৮৫.০৪ | ১৪৭.৮৯ | ১৫২.৪৩ |
| ইক্যুইটি শেয়ার মূলধন | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ | ২২৪.১০ |
| অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | ৯৮৪.৩০ |
| মৌলিক ও মিশ্রিত শেয়ার প্রতি আয় (১০/- টাকা প্রতিটি) | ৮.৪৪ | (০.১৯) | ৬.৫০ | ৮.২৬ | ৬.৬০ | ৬.৮০ |

দ্রষ্টব্য সেবি (এলওডিআর)-র রেগুলেশন, ২০১৫ সালের রেগুলেশন ৩৩ অধীনে সংভার বিনিময় কেন্দ্রে ফাইল করা অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিশদ ফর্ম্যাটের সারাংশ উপরোক্তটি। সংভার বিনিময় কেন্দ্রের ওয়েবসাইট সমূহ (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইট (www.asutosh.co.in) -এ ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট পাওয়া যাবে।

পরিচালন পর্ষদের পক্ষে

স্বা/-

ভি. এন. আগরওয়াল

ডিরেক্টর

স্থান: কলকাতা

তারিখ: ১০ নভেম্বর, ২০২১



## চন্ডী স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩, বেন্টিঙ্ক স্ট্রিট, কলকাতা-৭০০০০১,দূরভাষ: (০৩৩)২২৪৮-৯৮০৮, ফ্যাক্স: (০৩৩)২২৪৩-০০২১

ইমেল: chandisteelindustries@gmail.com, ওয়েবসাইট : www.chandisteel.com, CIN: L13100WB1978PLC031670

৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণের সারাংশ (লক্ষ টাকায়)

| ক্র. নং | বিবরণ | তিন মাস সমাপ্ত | | | অর্ধ বর্ষ সমাপ্ত | | বর্ষ সমাপ্ত |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩০.০৯.২০২১ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২১ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০২১ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) |
| ১ | মোট আয় কার্যাদি থেকে | ১০,৯১২.১৫ | ৮,৭১৫.৬৮ | ৫,৫৮২.৫৭ | ১৯,৬২৭.৮৩ | ৭,৪৮১.৫০ | ২৩,০২৯.৮৯ |
| ২ | নিট লাভ/(ক্ষতি) সময়কালের জন্য (কর, ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পূর্ব) | ৫২২.১৮ | ২৭১.৬৩ | ৪৩১.৭৫ | ৭৯৩.৮১ | ৩৩৪.২৯ | ৬৭১.১২ |
| ৩ | নিট লাভ/(ক্ষতি) কর পূর্ববর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৫২২.১৮ | ২৭১.৬৩ | ৪৩১.৭৫ | ৭৯৩.৮১ | ৩৩৪.২৯ | ৬৭১.১২ |
| ৪ | নিট লাভ/(ক্ষতি) কর পরবর্তী সময়কালের জন্য (ব্যতিক্রমী এবং/বা অতিরিক্ত দফা পরবর্তী) | ৩৮৪.৮০ | ২০৩.৩৫ | ৩৪৫.১২ | ৫৮৮.১৫ | ২৪৭.৬৬ | ৫১০.৬০ |
| ৫ | মোট ব্যাপক আয় সময়কালের জন্য [এই সময়ের লাভ/(ক্ষতি)(কর পরবর্তী) এবং অন্যান্য মোট আয় (কর পরবর্তী)] | ৩৮৪.৮০ | ২০৩.৩৫ | ৩৪৫.১২ | ৫৮৮.১৫ | ২৪৭.৬৬ | ৫১১.৫২ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ১,০৫৩.৫০ | ১,০৫৩.৫০ | ১,০৫৩.৬২ | ১,০৫৩.৫০ | ১,০৫৩.৬২ | ১,০৫৩.৬২ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি | - | - | - | - | - | ২,৫৩৬.৬৯ |
| ৮ | শেয়ার প্রতি আয় (ইপিএস) (১০/- টাকা প্রতিটি) (বার্ষিকীকৃত নয়) | | | | | | |
| | (ক) মৌলিক (টা.) | ৩.৬৫ | ১.৯৩ | ৩.২৭ | ৫.৮৫ | ২.৩৫ | ৪.৮৫ |
| | (খ) মিশ্রিত (টা.) | ৩.৬৫ | ১.৯৩ | ৩.২৭ | ৫.৮৫ | ২.৩৫ | ৪.৮৫ |

দ্রষ্টব্যঃ-

১. উপরিউক্ত ফলাফল অডিট কমিটি দ্বারা পুনরীক্ষিত এবং পরিচালন পর্ষদের বৃহস্পতিবার, ১০ নভেম্বর, ২০২১ তারিখের কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্সের সভায় অনুমোদিত ও নথিভুক্ত হয়েছে।
২. ৩০ সেপ্টেম্বর, ২০২১ সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ বছরের জন্য অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সীমিত পর্যালোচনা কোম্পানির বিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা পরিচালিত হয়েছে এবং সম্পর্কিত প্রতিবেদনটি স্টক এক্সচেঞ্জে প্রেরণ করা হচ্ছে।
৩. কোম্পানি একটি রিপোর্টযোগ্য বিভাগে পূর্ব থেকে জড়িত যা আয়রন অ্যান্ড স্টিল এবং সেজন্য ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড-১০৮ এর অধীনের আর কোনও প্রকাশের প্রয়োজন নেই।
৪. বিশ্বব্যাপী এবং ভারতে কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে, কোম্পানির ম্যানেজমেন্ট প্রাথমিক মূল্যায়ণ করেছে যে ব্যবসা এবং আর্থিক ঝুঁকির উপর কোনও বস্তুগত প্রভাব নেই। ম্যানেজমেন্ট কোম্পানির উদ্বেগ হিসাবে চালিয়ে যাওয়ার এবং যখনই তারা বকেয়া পড়ে যায় তখন তার দায়বদ্ধতা পূরণ করার ক্ষমতার মধ্যে কোনও মাঝারি থেকে দীর্ঘমেয়াদি ঝুঁকি দেখতে পায় না। মহামারীর প্রকৃতির কারণে, ভবিষ্যতের সময়কালে রাজস্ব সম্পর্কিত উল্লেখযোগ্য অনিশ্চয়তা শনাক্ত করতে সংস্থাটি উন্নয়ন পর্যবেক্ষণ চালিয়ে যাবে।
৫. পূর্ববর্তী সময়ের সংখ্যাগুলিকে পুনর্সজ্জিত/পুনর্দলভুক্ত করা হয়েছে।

চন্ডী স্টিল ইন্ডাস্ট্রিজ লিমিটেড -এর পক্ষে

স্বা/-

দেবেন্দ্র প্রসাদ জাজোদিয়া

(ম্যানেজিং ডিরেক্টর)

DIN : 00045166

স্থান: কলকাতা

তারিখ: ১০ নভেম্বর, ২০২১



## ROHIT FERRO-TECH LIMITED

SKP GROUP

(Under Corporate Insolvency Resolution Process)

Registered Office : 35, Chittaranjan Avenue, Kolkata - 700 012

Phone: 033 4016 8000, E-mail Id: cs@rohitferrotech.com Website : www.rohitferrotech.com

CIN: L27104WB2000PLC091629

Extract of Unaudited Financial Results for the Quarter and Half Year Ended 30th September, 2021 (₹ in Lacs, Except EPS)

| SL. NO. | PARTICULARS | STANDALONE | | | CONSOLIDATED | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | QUARTER ENDED | | HALF YEAR ENDED | QUARTER ENDED | | HALF YEAR ENDED |
| | | 30TH SEPTEMBER 2021 | 30TH SEPTEMBER 2020 | 30TH SEPTEMBER 2021 | 30TH SEPTEMBER 2021 | 30TH SEPTEMBER 2020 | 30TH SEPTEMBER 2021 |
| | | UNAUDITED | UNAUDITED | UNAUDITED | UNAUDITED | UNAUDITED | UNAUDITED |
| 1 | Total Income from Operation | 19,493.81 | 16,208.14 | 36,484.40 | 19,493.81 | 16,208.14 | 36,484.40 |
| 2 | Net Profit/(Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | (1,279.42) | (2,244.23) | (4,251.43) | (1,280.98) | (2,245.21) | (4,254.59) |
| 3 | Net Profit/(Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items#) | (1,279.42) | (2,244.23) | (4,251.43) | (1,280.98) | (2,245.21) | (4,254.59) |
| 4 | Net Profit/(Loss) for the period after Tax (after Exceptional and/or Extraordinary items#) | (1,279.42) | (2,244.23) | (4,251.43) | (1,280.98) | (2,245.21) | (4,254.59) |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | (1,274.57) | (2,250.29) | (4,241.73) | (1,265.87) | (2,044.80) | (4,329.88) |
| 6 | Equity Share Capital | 11,377.61 | 11,377.61 | 11,377.61 | 11,377.61 | 11,377.61 | 11,377.61 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year) | | | (2,07,573.90) | | | (2,15,897.02) |
| 8 | Earning Per Share (of ₹10/- each) (for continuing and discontinued operations) - | | | | | | |
| | 1. Basic: | (1.12) | (1.97) | (3.74) | (1.13) | (1.97) | (3.74) |
| | 2. Diluted: | (1.12) | (1.97) | (3.74) | (1.13) | (1.97) | (3.74) |

NOTES:

1 Hon'ble National Company Law Tribunal (NCLT), Kolkata Bench vide order dated 07th February, 2020 has commenced Corporate Insolvency Resolution Process (CIRP) against the Company under Section 7 of the Insolvency and Bankruptcy Code, 2016 (IBC), based on the application filed by State Bank Of India, Financial Creditor of the Company. Mr. Supriyo Kumar Chaudhuri (IP Registration No. IBBI/IPA-001/IP-P00644/2017-18/11098) has been appointed as Interim Resolution Professional (IRP) with effect from 07th February, 2020 under the provision of IBC. It may be further noted that Mr. Supriyo Kumar Chaudhuri has been appointed as Resolution Professional w.e.f 13th March 2020 by voting from majority of the COC members . By virtue of corporate insolvency resolution process, the Resolution Professional has filed the Resolution Plan (as approved by the COC on June 5, 2021); with the National Company Law Tribunal, Kolkata Bench on June 7, 2021 for its subsequent approval thereupon. The above financial result has been reviewed and signed by Resolution Professional as the power of the boards are suspended due to commencement of the CIRP process.

2 The above is an extract of the detailed format of financial results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the quarterly and Half Yearly financial results are available on the websites of Stock Exchanges at www.nseindia.com and www.bseindia.com and on the Company's website at www.rohitferrotech.com

3 The figures of the previous period has been regrouped/reclassified, wherever necessary.

For Rohit Ferro-Tech Limited

Sd/-

Supriyo Kumar Chaudhuri

(Resolution Professional)

Place : Kolkata

Dated: 10th Nov, 2021